

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩১২
আগরতলা, ২০ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
ডুকলি ব্লকে শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ ডুকলি ব্লকের পান্ডবপুর কমিউনিটি হলে এক শিবির অনুষ্ঠিত হয়। ব্লকের পান্ডবপুর ও ফুলতলি গ্রাম পঞ্চায়েতকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক অন্তরা সরকার দেব। সভাপতিত্ব করেন পান্ডবপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান গৌরী দাস। স্বাগত বক্তব্য রাখেন ডুকলি ব্লকের বিডিও স্বরূপ কুমার পাল। শিবিরে ৩টি স্বসহায়ক দলকে রিভলবিং ফান্ড হিসেবে ৫ লক্ষ টাকা, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় ২ জন সুবিধাভোগীকে এলপিজি সংযোগ, ২ জন সুবিধাভোগীকে আয়ুস্মান কার্ড দেওয়া হয়েছে। তাছাড়াও স্বাবলম্বন প্রকল্পে ২ জন সুবিধাভোগীকে ৬ লক্ষ ৩০ হাজার টাকা ঋণ দেওয়া হয়।
